গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর,
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
উপপরিচালকের দপ্তর

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ জাহাঙ্গীর আলম<br>উপপরিচালক |
| সভার তারিখ | ২৭ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ |
| সভার সময় | ১২.০০ ঘটিকা |
| স্থান | জুম প্লাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

উপস্থিত/ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, উপপরিচালকের কার্যালয়, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ সভায় জানান যে, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ২৬ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীর উপর কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য সদস্যগণকে অনুরোধ জানানো হয়। এ প্রেক্ষিতে সভায় উপস্থিত সদস্যগণ বিগত সভার কার্যবিবরণী পেয়েছেন এবং কোন সংশোধনী নেই মর্মে সভাকে অবহিত করেন । কোন সংশোধনী প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়।

পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি জানতে চাওয়া হলে জেলা মৎস্য কর্মকর্তাগণ স্ব-স্ব কার্যালয়ে সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন।

সভাপতির অনুরোধে সহকারী পরিচালক, উপপরিচালকের কার্যালয়, ময়মনসিংহ বিভাগ অত্র বিভাগের বিভিন্ন অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি, প্রদেয় সেবা, সেবা প্রাপ্তিতে গ্রাহকের করণীয়, সেবা প্রদানের প্রসেসম্যাপ, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। আলোচনা পরবর্তী উপস্থিত অংশীজন তাদের প্রদত্ত মতামতে মৎস্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সেবা প্রাপ্তির ক্ষেত্রে তাদের সন্তুষ্টি ব্যক্ত করেন। সভাটি মৎস্য অধিদপ্তরের সেবা প্রাপ্তির ক্ষেত্রে তাদের মধ্যে বিদ্যমান দ্বিধা দূরীকরণে সহায়ক হবে মর্মেও তারা অভিমত ব্যক্ত করেন।

বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতভাবে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত

নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা প্রদানের ক্ষেত্রে সেবা প্রদান প্রতিশ্রুতির যথাযথ অনুসরণ করতে হবে।

কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

মোঃ জাহাঙ্গীর আলম

উপপরিচালক

স্মারক নম্বর: ৩৩.০২.৬১০০.৩০৮.৪৪.০০৭.১৯.৪৬৫

তারিখ: ১৪ পৌষ ১৪২৯
২৯ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) জেলা মৎস্য কর্মকর্তা (সকল), ময়মনসিংহ বিভাগ

২) সিনিয়র সহকারী পরিচালক, ময়মনসিংহ/ নেত্রকোণা/শেরপুর

৩) সিনিয়র উপজেলা/উপরজলা মৎস্য কর্মকর্তা, ময়মনসিংহ সদর, ত্রিশাল, গৌরীপুর, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ

মুহাম্মদ সালাহ্ উদ্দীন কবির
সহকারী পরিচালক